# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ভুলে যাওয়া, ঘুম বা অন্য কোন ওজর ছাড়াই সালাত পরিত্যাগ করে, এমনকি সালাতের শেষ হয়ে যায়, এতে সেই ব্যক্তি এমন কাফের হয়ে যাবে না যে, তার উপর কাফেরদের হুকুম বর্তাবে- এই ব্যাপারে পরিপূর্ণভাবে সংশয় নিরসনকারী অষ্টম হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَامِنٍ يَنْفِي الرَّيْبَ عَنِ الْخُلْدِ بِأَنَّ تَارِكَ الصَّلَاةِ مُتَعَمِّدًا مِنْ غَيْرِ نِسْيَانٍ وَلَا نَوْمٍ وَلَا وُجُودِ عُذْرٍ حَتَّى يَخْرُجَ وَقْتُهَا لَا يَكُونُ كَافِرًا كُفْرًا يُؤَدِّي حُكْمَهُ إِلَى حُكْمِ غَيْرِ الْمُسْلِمِينَ

---

আরবী

1460 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى الْقَطَّانُ حَدَّثَنَا مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ النَّهْدِيُّ حَدَّثَنَا جُوَيْرِيَةُ بْنُ أَسْمَاءَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَادَى فِيهِمْ يَوْمَ انْصَرَفَ عَنْهُمُ الْأَحْزَابُ: (أَلَا لَا يُصَلِّيَنَّ أَحَدٌ الظُّهْرَ إِلَّا فِي بَنِي قُرَيْظَةَ) فَأَبْطَأَ نَاسٌ فتخوَّفوا فَوْتَ وَقْتِ الصَّلَاةِ فصلُّوا وَقَالَ آخَرُونَ: لَا نُصَلِّي إِلَّا حَيْثُ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَإِنْ فَاتَ الْوَقْتُ فَمَا عنَّف رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ واحداً من الفريقين.

الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1460 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: لَوْ كَانَ تَأْخِيرُ الْمَرْءِ لِلصَّلَاةِ عَنْ وَقْتِهَا إِلَى أَنْ يَدْخُلَ وَقْتُ الصَّلَاةِ الْأُخْرَى يَلْزَمُهُ بِذَلِكَ اسْمُ الْكُفْرِ لَمَّا أَمَرَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمَّتَهُ بِالشَّيْءِ الَّذِي يَكْفُرُونَ بِفِعْلِهِ ولعنَّف فَاعِلَ ذَلِكَ فَلَمَّا لَمْ يُعنِّف فَاعِلَهُ دَلَّ ذَلِكَ عَلَى أَنَّهُ لَمْ يَكْفُرْ كُفْرًا يُشْبِهُ الِارْتِدَادِ.

বাংলা

১৪৬০. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আহযাব যুদ্ধের দিন যখন

কাফিরদের সম্মিলিত বাহিনী চলে যায়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদের মাঝে ঘোষনা দেন, “জেনে রাখুন, কেউ যেন বানী কুরাইযা মহল্লা ছাড়া যোহরের সালাত আদায় না করেন।” অতঃপর কিছু লোক যোহরের সালাত আদায়ে বিলম্ব করেন। অতঃপর তাঁরা সালাতের সময় শেষ হয়ে যাওয়ার আশংকা করেন ফলে তাঁরা সালাত আদায় করে নেন। বাকী লোকজন বললেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে যেখানে সালাত আদায় করতে বলেছেন, আমরা সেখানে গিয়েই সালাত আদায় করবো, যদিও এতে সালাতের সময় শেষ হয়ে যায়।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুই দলের কাউকেই তিরস্কার করেননি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “যদি পরের সালাতের ওয়াক্ত আসা পর্যন্ত সালাত বিলম্ব করাতে তার উপর কুফরি নাম অবধারিত হতো, তবে অবশ্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদের এমন কাজের নির্দেশ দিতেন না, যা সম্পাদনকারী কাফের হয়ে যাবে এবং তিনি অবশ্যই কাজ সম্পাদন কারীকে তিরস্কার করতেন। কাজেই যখন তিনি তিরস্কার করেননি, সুতরাং এমন কাজ সম্পাদনকারী মুরতাদ হওয়ার মতো কুফর সম্পাদনকারী হবেন না।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৯৪৬; সহীহ মুসলিম: ১৭৭০; বাগাবী: ৩৭৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ফিকহুস সীরাহ: ৩১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90775

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন